

সৃজনশীল

(১) ৪ অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

সালমা হক তার দুই মেয়ে নাহি ও নিমুর জন্য জামা কিনতে মার্কেটে যান। নিমু তিন মাস বয়সী হওয়ায় হালকা রঙের সিনথেটিক কাপড়ের উপর নকশা করা জামা কেনেন। আর চার বছর বয়স নাহির জন্য টিলেঢালা উজ্জ্বল বর্ণের বিভিন্ন প্রাণীর ছাপা সম্বলিত সামনে বোতাম দেওয়া জামা কেনেন। সালমা হক বাড়ি এসে নিমুকে জামা পরালে নিমু অস্বস্তিবোধ করে।

(ক) আনন্দমুখর অনুষ্ঠানের জন্য সাধারণত কোন ধরনের পোশাক দরকার?

(খ) গ্রীষ্মকালীন পোশাক কিরূপ হওয়া উচিত বুঝিয়ে দাও।

(গ) নিমুর অস্বস্তিবোধ করার কারণ কী? ব্যাখ্যা কর।

(ঘ) সালমা হকের নির্বাচিত পোশাক নাহির জন্য উপযোগী –তুমি কি একমত? স্বপক্ষে যুক্তি দাও।

(ক) আনন্দমুখর অনুষ্ঠানের জন্য সাধারণত সুন্দর, তুলনামূলকভাবে দামি ও বৈচিত্র্যময় পোশাক দরকার হয়।

(খ) পোশাকের উৎপত্তির অন্যতম প্রধান উদ্দেশ্যই হচ্ছে বাইরের প্রতিকূল আবহাওয়া থেকে শরীরকে রক্ষা করা। আমাদের দেশ ষড়ঋতুর দেশ হলেও পোশাক নির্বাচনের ক্ষেত্রে আমরা তিনটি ঋতুকে প্রধান্য দেই। এই তিনটি ঋতু হলো শীত, গ্রীষ্ম ও বর্ষা। গ্রীষ্মকালে গরমে ঘাম বেশি হয়। তাই এ সময় সুতি, লিনেনের মতো তাপ সুপরিবাহী বস্ত্র বেশি নির্বাচন করা উচিত।

(গ) উদ্দীপকে উলেখিত নিমুর অস্বস্তিবোধ করার কারণ হলো অনুপযোগী পোশাক পরিধান। নিচে তা ব্যাখ্যা করা হলো –

নিমু নবজাতক। তার বয়স তিন মাস। নিমুর মা সালমা হক নিমুর জামা কিনতে মার্কেটে যান। সেখানে গিয়ে তিনি নিমুর জন্য সিনথেটিক কাপড়ের উপর নকশা করা জামা কেনেন। কিন্তু সিনথেটিক ও নকশা করা কাপড় নবজাতকের শরীরের উপযোগী নয়। কারণ নবজাতকদের শরীর থাকে খুবই স্পর্শকাতর এবং তাদের রোগ প্রতিরোধ করার ক্ষমতাও কম থাকে। এ কারণে তাদের হালকা রং, নরম জমিন ও সাধারণ ডিজাইনের পোশাক পরাতে হয়। নিমুর মা নিমুকে সিনথেটিক কাপড়ের উপর নকশা করা জামা পরালে নিমু অস্বস্তিবোধ করে।

(ঘ) সালমা হকের নির্বাচিত পোশাক নাহির জন্য উপযোগী –আমি একমত। নিচে যুক্তি দেওয়া হলো :

সালমা হকের দুই মেয়ের মধ্যে নাহি বড়। তার বয়স চার বছর। সালমা হক নাহির জন্য জামা কিনতে গিয়ে টিলেঢালা উজ্জ্বল বর্ণের বিভিন্ন প্রাণীর ছাপা সম্বলিত সামনে বোতাম দেওয়া জামা কেনেন। এই পোশাকটি চার বছর বয়সের শিশুদের জন্য উপযোগী। কারণ এই বয়সটি মূলত প্রাক-বিদ্যালয় বয়স। এ বয়সে শিশুদের শারীরিক বৃদ্ধি দ্রুত হয় এবং দুর্ঘটনা সম্পর্কে তাদের কোনো ধারণা থাকে না। তাই তাদের জন্য কিছুটা টিলেঢালা কিন্তু খুব লম্বা নয় এমন পোশাক নির্বাচন করতে হয়। এদের পোশাক নির্বাচনের সময় বিভিন্ন রঙের পোশাকের ব্যবস্থা রাখতে হয়। এক্ষেত্রে খেয়াল রাখতে হয় যেন পোশাকে জীবজন্তু, গাছপালা, পশুপাখি বা প্রাকৃতিক বস্তুর ছাপ থাকে। এতে করে তারা স্কুলে যাওয়ার আগেই বিভিন্ন রং ও চারপাশের নানা ধরনের বস্তু সম্পর্কে ধারণা লাভ করতে পারে। প্রাক-বিদ্যালয় বয়সে শিশুরা যেন নিজেরাই পোশাক খুলতে পারে ও পরতে পারে সেজন্য

আত্মনির্ভরশীল পোশাক অর্থাৎ সামনে বোতাম দেওয়া পোশাক নির্বাচন করে দিতে হয়। সুতরাং বলা যায়, সালমা হকের নির্বাচিত পোশাক নাহির জন্য উপযোগী।